

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ২. ১৭. বিবাহ দুনিয়ার কষ্ট ও পরকালের ক্ষতি!

বাইবেল বলছে, বিবাহ পরকালের ক্ষতি এবং দুনিয়াতেও কষ্ট। বিবাহ করলে সংসার নিয়ে ভাবতে হয়; ফলে ঈশ্বরের আরাধনা ও পরকালের উন্নতি ব্যাহত হয়। আবার দুনিয়াতেও বিবাহের কারণে কষ্ট করতে হয়। এজন্য সম্ভব হলে বিবাহ না করে থাক। আর বিবাহিত হলেও অবিবাহিতের মতই থাক!

"যদি কেউ বিয়ে না করে তাহলে সে ভালই করে... অবিবাহিত আর বিধবাদের আমি বলছি, তারা যদি আমার মত (অবিবাহিত বা চিরকুমার) থাকতে পারে তাহলে তা তাদের পক্ষে ভাল। ... তোমাদের কি স্ত্রী আছে? তবে স্ত্রীকে তালাক দিতে চেষ্টা করো না। তোমার কি স্ত্রী নেই? তবে বিয়ে করার চেষ্টা করো না। কিন্তু বিয়ে যদি তুমি করই তাতে তোমার কোন গুনাহ হয় না। কোন অবিবাহিত মেয়ে যদি বিয়ে করে তাহলে তারও গুনাহ হয় না। কিন্তু যারা বিয়ে করে তারা এই সংসারে কষ্ট পাবে, আর আমি এই সব থেকে তোমাদের রেহাই দিতে চাইছি। ... এখন থেকে এমন ভাবে চলবার দরকার যে, যাদের স্ত্রী আছে তাদের যেন স্ত্রী নেই... আমি চাই যেন তোমরা ভাবনা চিন্তা থেকে মুক্ত থাকতে পার। অবিবাহিত লোক প্রভুর বিষয়ে ভাবে; সে চিন্তা করে কিভাবে সে প্রভুবে সম্ভুষ্ট করবে। বিবাহিত লোক সংসারের বিষয়ে ভাবে; সে চিন্তা করে কিভাবে সে স্ত্রীকে করে যাতে সে শরীরে আর দিলে প্রভুর হতে পারে। কিন্তু বিবাহিত স্ত্রীলোক সংসারের বিষয়ে ভাবে; সে চিন্তা করে, আর যে তাকে বিয়ে না দেয় সে অরও ভাল করে।" (১ করিস্থীয় ৭/১-৩৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14504

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন